

রোদের নিশানা লিরিক্স:-

সে রোদের নিশানা, মেঘের সামিয়ানা
সে খোলা জানলার কাছে রেখেছে বিছানা,
সে জুড়ে দিয়ে ডানা কবে উড়ে যাবে আকাশের গায়ে,
সে জুড়ে দিয়ে ডানা কবে উড়ে যাবে আকাশের গায়ে।

সে বৃষ্টির ছিটে, গোপন কালশিটে
সে দুপুরের প্রেম খোঁজে ম্যাটিনি টিকিটে,
সে কাজলের কালো দিয়ে
দিলওয়ালে দুলহান লে যায়।

সে হবে জমকালো, সে জোনাকির আলো
সে মেঘমল্লার দিয়ে মোহনা ভাসালো,
সে চাঁদের পাহাড় কেটে ঘর বাঁধে তারায় তারায়,
সে চাঁদের পাহাড় কেটে ঘর বাঁধে তারায় তারায়।

ক্লাসে ছিল, মাঠে ছিল, ক্যান্টিনে হাট ছিল
স্মৃতির পকেট থেকে সে ক্ষণ লোপাট,
ঠোঁটে অভিযান ছিল, দূরে অভিমান ছিল
সে ফুলের নাম খোঁজে আজও অভিধান।

প্রতিমা ভাসালে এসে সিঁদুরের লালে
সে তৃতীয় চোখের খোঁজে চোখেই তাকালে,
ইয়ে আঁখোহি আঁখো মে এক
ইশারায় হৃদয় হারায় .. ও ও ..

সে আদরের মায়া, সে প্রেমেই বেহায়া
সে তাজমহলের গায় জোছনার ছায়া,
সে প্যাডেলে প্যাডেলে রোজ
চলে যাবে পাশের পাড়ায়,
সে প্যাডেলে প্যাডেলে রোজ
চলে যাবে পাশের পাড়ায়।

সে বৃষ্টির ছিটে, গোপন কালশিটে
সে দুপুরের প্রেম খোঁজে ম্যাটিনি টিকিটে,
সে কাজলের কালো দিয়ে
দিলওয়ালে দুলহান লে যায় .. ওও..

সে হবে জমকালো, সে জোনাকির আলো
সে মেঘমল্লার দিয়ে মোহনা ভাসালো,
সে চাঁদের পাহাড় কেটে
ঘর বাঁধে তারায় তারায়,
সে চাঁদের পাহাড় কেটে
ঘর বাঁধে তারায় তারায়।

সে রোদের নিশানা, মেঘের সামিয়ানা
সে খোলা জানলার কাছে রেখেছে বিছানা।
হুম.. হুম.. হুম.. হুম..